# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৬৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৫. ফজরের সুন্নাত ছুটে গেলে তা কখন আদায় করবে?

باب مَنْ فَاتَتْهُ مَتَى يَقْضِيهَا

আরবী

حَدَّثَنَا حَامِدُ بْنُ يَحْيَى الْبَلْخِيُّ، قَالَ : قَالَ سُفْيَانُ كَانَ عَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ يُحَدِّثُ بِهَذَا الْحَدِيثِ عَنْ سَعْدِ بْنِ سَعِيدٍ . قَالَ أَبُو دَاوُدَ : وَرَوَى عَبْدُ رَبِّهِ وَيَحْيَى ابْنَا سَعِيدٍ هَذَا الْحَدِيثَ مُرْسَلاً أَنَّ جَدَّهُمْ زَيْدًا صَلَّى مَعَ النَّبِيِّ صلي الله عليه وسلم بِهَذِهِ الْقِصَّةِ .

ـ صحيح بما قبله ، و قوله : (جَدَّهُمْ زَيْدًا) خطأ، والصواب : (جَدَّهُمْ قيساً)

বাংলা

১২৬৮। সুফয়ান (রহঃ) বলেন, ’আত্বা ইবনু আবূ রাবাহ (রহঃ) এ হাদীস সা’দ ইবনু সাঈদ (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, সা’দ এর দুই পুত্র ’আবদ রাব্বিহী ও ইয়াহইয়া এ হাদীস মুরসাল হিসেবে বর্ণনা করেছেন। তাদের দাদা যায়িদ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাত আদায় করেছেন এবং ঘটনাটি তার সাথে সংশ্লিষ্ট।[1]

সহীহ: পূর্বেরটির কারণে। এবং তার উক্তিঃ (তাদের দাদা যায়িদ) কথাটি ভুল। সঠিক হচ্ছেঃ (তাদের দাদা ক্বায়িস)।

## English

This tradition has also been transmitted by 'Ata b. Abi Rabah on the authority of Sa'd b. Sa'id through a different chain of narrators.

Abu Dawud said:
'Abd Rabbihi and Yahya b. Sa'id also narrated this tradition from the Prophet (ﷺ) omitting the name of the Companion (mursal). Their grandfather Zaid

prayed along with the Prophet (ﷺ).

## ফুটনোট

[1] এর পূর্বেরটি (১২৬৭ নং) দেখুন।

(১২৫৪-১২৬৮ নং) হাদীসসমূহ হতে শিক্ষাঃ

১। সুন্নাত সমূহের মধ্যে ফজরের দু’ রাক‘আত খুবই গুরুত্বপূর্ণ।

২। ফজরের সুন্নাত সংক্ষেপে কিন্তু সুন্দরভাবে আদায় করতে হয়।

৩। এতে সূরাহ কাফিরুন ও ইখলাস পড়া সুন্নাত।

৪। ফজরের ফারয সালাতের পূর্বে সুন্নাত পড়তে না পারলে ফার্যের পরে আদায় করবে।

৫। ফজরের সুন্নাত বাড়িতে আদায় করা উত্তম।

৬। ফজরের সুন্নাত আদায়ের পর কাত হয়ে বিশ্রাম নেয়া সুন্নাত।

৭। ফজরের সুন্নাত আদায়ের পর কারো সাথে কথা বলা জায়িয আছে।

৮। কেউ মসজিদে এসে ইমামকে ফজরের জামা‘আতে পেলে তখন সুন্নাত পড়বে না বরং জামা‘আতে শরীক হবে। ছুটে যাওয়া সুন্নাত জামা‘আতের পরে আদায় করবে।

৯। ফজরের আযান শেষে সালাতের জন্য কাউকে জাগিয়ে দেয়া এবং কারো সম্মুখ দিয়ে যাওয়ার সময় সালাতের জন্য আহবান করা জায়িয।

১০। ফজরের সালাত আদায়ের জন্য মসজিদে আসার পূর্বে স্বীয় পরিবারকেও জাগিয়ে দিবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ সুফিয়ান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58586

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন